

০৭

কৃষি বিশ্ববিদ্যালয়

৫৭০ আসনে প্রার্থী
সাড়ে ৫ হাজার

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মন-
সিংহ)।- ২০শে এপ্রিল (নিজস্ব সংবাদ-
দাতা)।- আগামীকাল ২১শে এপ্রিল
বিশ্ববিদ্যালয়ে প্রথম পর্ব (সেশন : ১৯৯৪-
৯৫)-এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।
প্রার্থী : পৃঃ ৮ কঃ ৫

প্রার্থী : সাড়ে ৫ হাজার
(১ম পৃষ্ঠার পর)

উপজাতীয়দের জন্য সংরক্ষিত ৩ (তিন)টি
আসনে ত্রিশ জন প্রার্থীসহ পাঁচশ' সত্তরটি
আসনে মোট পাঁচ হাজার সাতশ' একচল্লিশ
জন প্রতিদ্বন্দ্বিতা করবে।

বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা কমিটি
সূত্রে জানা গেছে, ভর্তি পরীক্ষায় অংশ-
গ্রহণের জন্য মোট দশ হাজার আঠারোটি
আবেদনপত্র জমা পড়ে। তার মধ্যে
এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত
সর্বমোট নব্বয়ের ভিত্তিতে বাছাই করে
উপরোক্ত সংখ্যক প্রার্থীকে ভর্তি পরীক্ষায়
অংশ নেয়ার জন্য ডাকা হয়েছে।